674/Beng.(N&O) UG/6th Sem/BENG-G-SEC-T-4(N&O)/24

# ২০২৪
# বাংলা
## (প্রোগ্রাম)
## স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন ও পুরাতন পাঠক্রম)
## ষষ্ঠ সেমেস্টার
## কোর্স কোড : BENG-G-SEC-T-4
## (প্রুফ সংশোধন আই. পি. এ ও প্রবন্ধ রচনা)

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) সত্যেন্দ্রনাথ দত্ত—এই শব্দদুটিকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো।

খ) সংশোধনী চিহ্ন হিসাবে ব্যবহৃত rom ও w.f. শব্দদুটি সংশোধনে কী কী বোঝাতে ব্যবহার করা হয়?

গ) প্রুফ সংশোধনকালে বাক্যের শেষে পূর্ণচ্ছেদ বসাতে ও ড্যাশ যোগ করতে কোন্ কোন্ চিহ্ন ব্যবহার করতে হবে?

ঘ) ধ্বনি এবং বর্ণের মধ্যে পার্থক্য কী?

ঙ) দুটি ধ্বনিকে পৃথক মূলধ্বনি প্রমাণ করতে হলে দুটি শর্ত পূরণ করা চাই —কী কী?

চ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার মূল নীতিদুটি কী কী?

(পরের পাতায়)

ছ) বাংলা বর্ণ 'শ্' ও 'ঢ্' লিখতে কী কী IPA চিহ্ন ব্যবহার করতে হবে?

জ) ধ্বনিতা বলতে কী বোঝো?

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) কোন্ কোন্ সমস্যা নিরসনের জন্য ভাষাবিজ্ঞানীরা আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা রচনা করেছেন?

খ) নিম্নে প্রদত্ত অংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যান্তর করো:

পরের দিন কলেজ থেকে ফিরেই পৌঁছে গেলাম দিদিমণির বাড়ি। আমাকে দেখে ওনার চোখের কোণে জল চিকচিক করে উঠলো। আমাকে সোফায় বসতে বলে চায়ের অর্ডার করলেন। দিদিমণির মুখটা কেমন আগের থেকেও শুকিয়ে গেছে। এই কয়দিনে যেন আরো বুড়িয়ে গেছেন। প্রথমে তিনিই কথা শুরু করলেন।

গ) তোমার প্রিয় একজন ঔপন্যাসিকের উপন্যাস রচনার প্রতিভা সম্বন্ধে একটি সংক্ষিপ্ত প্রবন্ধ লেখো।

ঘ) নিম্নে প্রদত্ত অংশটির প্রুফ সংশোধন করো:

আদর্শ শিক্ষিকা বলেত যা বোঝায় তাই ছিলেন দিদিমনি। যেমন ছিল বিষয়জ্ঞানের গভী রতা তেমন ছিল ছাত্রছাত্রীদের প্রতি অগাধ আপত্ত স্নেহ। নিজের দায়িত্ত আর কর্তব্যজ্ঞানে হয়ে উঠেছিলেন সকলের প্রিয়। অর্জন করেছিলেন বিপুল সম্মান পথেঘাটে দিদিমণিকে দেখতে পেলেই ভক্তিতে ছেলেমেয়েরা *মাথা* নুইয়ে ফেলতেন ওনার চরণে।



**সঠিক রূপ**

আদর্শ শিক্ষিকা বলতে যা বোঝায় তাই ছিলেন দিদিমণি। যেমন ছিল বিষয়জ্ঞানের গভীরতা তেমনি ছিল ছাত্রছাত্রীদের প্রতি অগাধ অপত্য স্নেহ। নিজের দায়িত্ব আর কর্তব্যজ্ঞানে হয়ে উঠেছিলেন সকলের প্রিয়। অর্জন করেছিলেন বিপুল সম্মান। পথেঘাটে দিদিমণিকে দেখতে পেলেই ভক্তিতে ছেলে মেয়েরা মাথা নুইয়ে ফেলতেন ওনার চরণে।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ছোটগল্পকার রবীন্দ্রনাথ অথবা শরৎসাহিত্যে নারী এই বিষয়ের উপর একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো।

খ) নিম্নে প্রদত্ত অংশটির আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো:

আমরা ভারতীয়রা শ্মশান শিবের রিক্ত-ত্যাগী মূর্তিতে মুগ্ধ হয়ে জীবনকে গ্রহণ করতে ভুলেছি। পাশাপাশি য়ুরোপ খন্ডকে বলা যায় শিবের চেলা। কারণ তারা মহাভিক্ষুর দাবি মেনেছে। তাই নিজেদের ধনে-মানে-জ্ঞানে সমৃদ্ধ করতে শিখেছে। তারা যদি সঞ্চয়ের প্রকৃত উদ্দেশ্য ভুলে ত্যাগকে বর্জন করে তবে একদিন নিজেরাও রিক্ত হবে। ভারত শিবের রিক্ত-ত্যাগী মূর্তির উপাসক বলে জীবনকে গ্রহণ করতে ব্যর্থ। শিবের অভাবও যেমন ঘুচাতে পারেনি তেমনি নিজেকেও পূর্ণ করে তুলতে শেখেনি।

গ) প্রুফ সংশোধনের জন্য প্রুফ সংশোধকের দায়িত্বগুলি সংক্ষেপে আলোচনা করো।

ঘ) ছাত্র-ছাত্রীদের অনলাইন মাধ্যমে পঠন-পাঠনের সুবিধা ও সমস্যাবলী নিয়ে একটি অনতিদীর্ঘ আলোচনা করো।

———